আদালতের নির্দেশে মহিলাকে প্রাপ্য পাইয়ে দিতে গিয়ে মিলল বাঁশের মার, কিল, ঘুষি

অভিজিৎ মুখার্জী, পুরশুড়া ঃ আদালতের নির্দেশে পুলিশকে সঙ্গে নিয়ে নিজের শ্বশুরবাড়িতে সম্পত্তির ভাগ বুঝে নিতে গিয়ে গুরুতর জখম হলেন এক গৃহবধূসহ কয়েকজন পুলিশকর্মী। বৃহস্পতিবার সকালে ঘটনাটি ঘটেছে হুগলির পুরশুড়া থানার পশ্চিমপাড়া গ্রামে। জানা গেছে, আহত ওই গৃহবধূর নাম মৌমিতা দাস। এছাড়াও ওই ঘটনায় আহত হয়েছেন পুরশুড়া থানার সাব ইন্সপেক্টর তন্ময় বাগ ও মহিলা কনস্টেবল ঝুমা মাইতি। স্থানীয় সূত্রে জানা গেছে, মৌমিতাদেবীর স্বামীর নাম স্বপন দাস। বেশ কয়েক বছর ধরেই চন্দননগর মহকুমা আদালতে তাঁদের বিবাহবিচ্ছেদের মামলা চলছিল। অবশেষে আদালতের নির্দেশে বিবাহবিচ্ছেদ সম্পন্ন হয়। আরামবাগ আদালত নির্দেশ দেয়, মৌমিতাদেবী তাঁর শ্বশুরবাড়ি থেকে প্রাপ্য জিনিষ, সোনা প্রভৃতি ফিরে পাবেন। সেই নির্দেশ মতো এদিন মৌমিতাদেবী পুরশুড়া থানার এস আই তন্ময় বাগ ও কনস্টেবল ঝুমা মাইতিসহ পুলিশকর্মীদের নিয়ে শ্বশুরবাড়ি যান সেগুলি আদায় করতে। মৌমিতাদেবীর অভিযোগ, সেই সময় তাঁর পূর্বতন স্বামী স্বপন দাস ও কয়েকজন প্রতিবেশি চড়াও হয় পুলিশ ও মৌমিতাদেবীর উপর। এপ্রসঙ্গে অভিযুক্ত স্বপন দাস

(বাঁদিকে) আহত এসআই তন্ময় বাগ। (ডানদিকে) মহিলা পুলিশকর্মী ঝুমা মাইতি।

বলেন, আমি দোকানে ছিলাম। পাড়ার লোক এসে খবর দেন যে, বাড়িতে বৌ পুলিশ নিয়ে এসেছে। তখন আমি ছুটে এসে দেখি, আমার বাড়ির সমস্ত আসবাবপত্র পুলিশ বাইরে বের করছে। তখন আমি পুলিশকে বাধা দিলে পুলিশ আমাকে ও আমার বৃদ্ধা মা কানন দাসকে মারধর করে। সেই সময় প্রতিবেশিরা এসে মাকে উদ্ধার করে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান। তিনি আরও জানান যে, প্রায় বছর কুড়ি আগে ঘাটাল থানার আড়বোরা গ্রামের বাসিন্দা রামকৃষ্ণ মাইতির মেয়ে মৌমিতার সঙ্গে তাঁর বিয়ে হয়। তাঁদের দুই মেয়ে আছে। পরবর্তীকালে পারিবারিক অশান্তির জেরে এই বিবাহ বিচ্ছেদ ঘটে। অন্যদিকে এস আই তন্ময় বাগ জানান, আমরা আদালতের নির্দেশ মেনে পুলিশ কর্মী ও গৃহবধূকে নিয়ে স্বপনবাবুর বাড়িতে আসি। সেই সময় এলাকার বাসিন্দারা আমাদের মারধর করে। আমাকে মুখে ও চোখে কিল, ঘুষি মারতে থাকে এবং মহিলা পুলিশ কর্মী ঝুমা মাইতিকেও বাঁশ দিয়ে মাথায় মারলে তিনি অচৈতন্য হয়ে পড়েন। থানা থেকে আরও পুলিশ এসে আমাদের উদ্ধার করে একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি করেন। ঝুমাদেবীর মাথায় পাঁচটি সেলাই পড়েছে এবং তিনি চিকিৎসাধীন বলে জানা গিয়েছে। আহত গৃহবধূকে পুলিশ উদ্ধার করে এবং প্রাথমিক চিকিৎসার পর তাঁকে কলকাতা স্থানান্তরিত করা হয়েছে বলে সূত্রের খবর। পুরশুড়া থানার ওসি তর্ণব গাঙ্গুলী জানিয়েছেন, এই ঘটনায় দুইজনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

কর্মীকে মারধর করায় বহিষ্কার

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাটের বদনগঞ্জ এলাকায় মঙ্গলবার সকালে তৃণমূল নেতা হরেরাম রায়কে মারধরের অভিযোগ উঠেছিল শাসক দলেরই বিরুদ্ধে। এই ঘটনায় সুবিচারের আশায় তৃণমূল নেতা হরেরাম রায় বিধায়ক মানস মজুমদারের কাছে লিখিতভাবে অভিযোগ জানিয়েছিলেন। সেই অভিযোগের ভিত্তিতে বিধায়ক সুবিচার করেন। তিনি বলেন, ওই ঘটনায় জড়িত বাপন মণ্ডল, কাজল লাগা এবং সুমন্ত চাটার্জী কোনওদিনই তৃণমূল করতে পারবে না। সুমন্ত চাটার্জীর বাবা সুশান্ত চাটার্জীকে এক মাসের জন্য দল থেকে সাসপেন্ড করা হল। এবিষয়ে গোঘাট ২নং ব্লকের ব্লক সভাপতি তপন মণ্ডল জানান, যে যে ব্যক্তি দলের নিয়ম কানুন ভাঙে এবং দলের কর্মীদের মারধর করে তাদের সঙ্গ আমরা এই সিদ্ধান্ত নিতে বাধ্য হলাম। এই ব্যাপারে হুগলি জেলা তৃণমূল সভাপতি তথা মন্ত্রী তপন দাশগুপ্ত এবং কার্যকরী সভাপতি তথা মন্ত্রী অসীমা পাত্র ও প্রবীর ঘোষালকে এ বিষয়ে অবগত করা হয়েছে।

কামারপুকুরে বিশ্বহিন্দু পরিষদের কর্মকর্তারা

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাটের কামারপুকুর মঠ দর্শন করে গেলেন বিশ্বহিন্দু পরিষদের কর্মকর্তারা। এদিন বিশ্বহিন্দু পরিষদের কার্যকর্তা বালকৃষ্ণ নায়েক, রাজ্য বিশ্বহিন্দু পরিষদের সম্পাদক ডাঃ চিন্ময় দত্তসহ অন্যান্যরা। এদিন তাঁরা রামকৃষ্ণদেবকে স্মরণ করে প্রসাদ গ্রহণ করেন। তার পর স্বামী অসীমানন্দের মায়ের সঙ্গে দেখা করেন। বালকৃষ্ণ নায়েক বলেন যে, স্বামী অসীমানন্দের মায়ের কাছে আশীর্বাদ নিতে এসেছি এবং মাকে চোখে দেখার জন্য কামারপুকুরে এসেছি। এরপর কামারপুকুর থেকে মা সারদাকে দর্শন করতে জয়রামবাটী যান। তারপর তাঁরা কলকাতার উদ্দেশ্যে রওনা দেন। এবিষয়ে স্বামী অসীমানন্দের ছোট ভাই সুশান্ত সরকার জানান, উনারা কামারপুকুরে মায়ের কাছে মায়ের কথা শোনার জন্য এসেছিলেন। মায়ের কাছে আশীর্বাদ নিয়ে গেলেন।

তিনি কথা দিয়ে গেছেন যদি কখনও কলকাতায় আসি তাহলে আবার আসব মায়ের কাছে। অপরদিকে বালকৃষ্ণ নায়েক বলেন, আমি খুব আনন্দিত একজন মহান ব্যক্তির মায়ের কাছে আসতে পেরে। সময় পেলে আবার আসব।

আরামবাগে বিশ্ব তামাক বর্জন দিবস

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ বৃহস্পতিবার বিশ্ব তামাক বর্জন দিবস উপলক্ষ্যে হুগলির আরামবাগের বেঙ্গল কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট এ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এক পথসভার আয়োজন করা হয়। এই কর্মসূচীতে সংস্থার মূল প্রচার ছিল সিগারেট, বিড়ি থেকে বিগর্ত কার্বন মনোক্সাইড বায়ুমণ্ডলে মিশে গিয়ে যে দূষণ ছড়াচ্ছে এবং ভারতবর্ষে প্রতি বছর ধূমপানের কারণে ও বিভিন্ন তামাক দ্রব্য সেবনের জন্য দেড় লক্ষেরও বেশি মানুষের মৃত্যু ঘটছে। অর্থাৎ আমরা সবকিছু জেনেও বিষপান করছি। ভারতবর্ষে জনসংখ্যার একটা বিরাট অংশ এখনও বিড়ি, সিগারেট, গুটকা, খৈনি ইত্যাদি তামাক সেবন করে চলেছেন। এই মরণ রোগ থেকে নিস্তার পেতে ধূমপান থেকে বিরত থাকুন। শুধু নিজের জন্য নয়, অপরের জন্যও। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরামবাগের বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, এই সংস্থার আরামবাগ শাখার সভাপতি স্বপন শেঠ, সহসভাপতি উত্তমকুমার পাল, অসিত কুণ্ডু প্রমুখ।

প্রমোটারের অফিস ভাঙচুর

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ তোলা না দেওয়ায় প্রমোটারের অফিসে ঢুকে বেধড়ক ভাঙচুর চালাল দুষ্কৃতীরা। হুগলির কোন্নগর স্টেশন সংলগ্ন ক্রাইপার রোডের ঘটনা। কোন্নগরের প্রমোটার নীলাঞ্জন ঘোষকে তোলা চেয়ে হুমকি দেওয়া হচ্ছিল কয়েকদিন ধরে। টাকা না দেওয়ায় বৃহস্পতিবার রাত ৮টা নাগাদ পাঁচজন দুষ্কৃতী তার অফিসে আসে। নীলাঞ্জনবাবুর খোঁজ করে। অফিসের কর্মী বিশ্বনাথ রায়ের সামনে চলে ভাঙচুর। টিভি, ল্যাপটপ, পাখা, দরজা ভেঙে দেয় দুষ্কৃতীরা। পাঁচ লাখ টাকা না দিলে গুলি করে খুন করবে বলে হুমকি দেয়। এই ঘটনায় আতঙ্কিত প্রমোটার ও এলাকার ব্যবসায়ীরা।

পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া ঃ পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে বৃহস্পতিবার হুগলি জেলা তৃণমূল যুব কংগ্রেসের পক্ষ থেকে চুঁচুড়া ঘড়ির মোড় সংলগ্ন বার লাইব্রেরির সামনে একটি বিক্ষোভ কর্মসূচী পালন করা হয়। এদিনের বিক্ষোভ কর্মসূচীতে উপস্থিত ছিলেন কৃষি ও বিপণন দপ্তরের মন্ত্রী তপন দাশগুপ্ত, হুগলি জেলা যুব তৃণমূলের সভাপতি শান্তনু ব্যানার্জীসহ একাধিক তৃণমূল নেতৃত্ব। শান্তনু ব্যানার্জী জানান, যুব তৃণমূলের রাজ্য সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশেই তাঁদের এই বিক্ষোভ কর্মসূচী। কেন্দ্র সরকার অবিলম্বে পেট্রোপণ্যের মূল্য না কমালে তাঁরা আগামী দিনে বৃহত্তর আন্দোলনে নামবেন। অন্যদিকে পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে বুধবার কোন্নগর কফি হাউসের সামনে পশ্চিমবঙ্গ পুরকর্মচারী ফেডারেশন আয়োজনে ও কোন্নগর তৃণমূল হকার্স ইউনিয়নের উদ্যোগে এক প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

ফেডারেশনের কার্যকরী সভাপতি অশোক মুখার্জী মোদি সরকারকে তীব্র আক্রমণ করে বলেন, আন্তর্জাতিক বাজারে মূল্যবৃদ্ধির কথা বলে মানুষকে ভুল বোঝানো হচ্ছে। কিন্তু যখন আন্তর্জাতিক বাজারে মূল্য কম ছিল তখনও কেন্দ্র সরকার বেশিদামে পেট্রোল ও ডিজেল বিক্রি করেছে।

সাপের কামড়ে মৃত্যু গৃহবধূর

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ বুধবার রাতে সাপের কামড়ে মৃত্যু হল এক গৃহবধূর। মৃতের নাম কল্যাণী সাঁতরা(৪৮)। বাড়ি হুগলির গোঘাট থানার নবাসন গ্রামে। স্বামীর নাম মনোরঞ্জন সাঁতরা। তিনি পেশায় দিনমজুরের কাজ করেন। কল্যাণীদেবীর দেওর সত্য সাঁতরা জানান, বৌদি বাপের বাড়ি কোতুলপুর থানার দেশরা গ্রামে। সেখানে বুধবার বিকালে দাদা ও বৌদি গিয়েছিলেন, রাতে দাদা ও বৌদি উঠানে চেয়ারে বসে গল্প করছিলেন। সেই সময় বৌদির ডান পায়ে সাপ কামড়ায়। তিনি যন্ত্রণায় ছটফট করতে থাকেন। পরিবারের লোকজন তাঁকে উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। বাড়িতে স্বামী ছাড়াও দুই ছেলে বর্তমান।

বঙ্গীয় পরিষদের বাৎসরিক অঙ্কন

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ বঙ্গীয় সংগীত পরিষদ অনুমোদিত আর্ট কোচিং সেন্টারের আয়োজনে আরামবাগের পুইন প্রাথমিক বিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বাৎসরিক অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হল। মহকুমার বিভিন্ন প্রান্তের ৩৪৬জন ছাত্রছাত্রী এতে অংশগ্রহণ করে। উপস্থিত ছিলেন আর্ট কোচিং সেন্টারের কর্ণধার তথা বিশিষ্ট চিত্রশিল্পী সুরজিৎ দে। পরিষদ কর্তৃক আগত শিক্ষক সমীর সাঁতরা, কভুই রুরাল কালচারাল সোসাইটি সম্পাদক চয়ন হাইমোদ, আরামবাগ ব্রতচারী মণ্ডলীর সহসম্পাদক মহঃ আজাহার ও বিশিষ্ট ব্যক্তিবর্গ।

রিষড়ায় তোলাবাজদের দৌরাত্ম্য

নিজস্ব সংবাদদাতা, রিষড়া ঃ হুগলির রিষড়া পুরসভার ১৯নং ওয়ার্ডের শ্রীকৃষ্ণনগরে তোলাবাজদের দৌরাত্ম্য। এক কাপড়ের দোকানে তোলা চেয়ে না পেয়ে বোমা মারে দুষ্কৃতীরা। বোমার আঘাতে আহত হন দুজন। তাঁদের মধ্যে বিন্দু শেঠকে শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় কাউন্সিলর চন্দ্রমণি সিং-এর অভিযোগ, এলাকায় দুষ্কৃতী দৌরাত্ম্য বেড়েছে। তোলা চেয়ে না পেলে এই সব কাণ্ড ঘটাচ্ছে দুষ্কৃতীরা। ঘটনার তদন্ত শুরু করেছে শ্রীরামপুর থানার পুলিশ।

অল্পের জন্য রক্ষা পেলেন জেলা পরিষদ সদস্যা

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ বড়সড় দুর্ঘটনার হাত থেকে বাঁচলেন জেলা পরিষদ সদস্যা রুণা খাতুন। বুধবার গভীর রাতে হুগলির বলাগড়ের খামারগাছি বাসস্ট্যান্ডের কাছে একটি মালবোঝাই লরি পাঁচিল ভেঙে বাড়ির মধ্যে ঢুকে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় লরির চালকের। জেলা পরিষদ সদস্যা রুণা খাতুন জানান, রাত ১২টা ১৫ মিনিটে তিনি ঘরে বসে চিঠি দেখছিলেন। হঠাৎই প্রচণ্ড আওয়াজে সবাই চমকে ওঠেন। রুণা খাতুন জানান, তাঁরা আওয়াজ শুনে মনে করেছিলেন কোথাও কোনো ডাকাতি হচ্ছে। তড়িঘড়ি তাঁরা বাইরে বেরিয়ে দেখেন পাঁচিল ভেঙে বাড়ির মধ্যে একটা মালবোঝাই লরি দাঁড়িয়ে আছে। আর সামনে পড়ে আছে লরির চালকের রক্তাক্ত মৃতদেহ। জানা যায়, আসাম লিঙ্ক রোডের উপর জেলা পরিষদ সদস্যা রুণা খাতুনের বাড়ির সামনে লরিটি দাঁড়িয়েছিল। সে সময় জিরাটগামী আর একটি লরি প্রচণ্ড গতিতে এসে দাঁড়িয়ে থাকা লরিটির পিছনে ধাক্কা মারে। দাঁড়িয়ে থাকা লরিটি পাঁচিল ভেঙে ভিতরে ঢুকে যায়। যে লরিটি ধাক্কা মারে তার চালককে ইমামবাড়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। রুণাদেবী জানান, ঘটনার কিছুক্ষণ আগেই তিনি পরিবারের লোকজনদের সাথে কথা বলছিলেন। তাই অল্পের জন্য তিনি ও তাঁর পরিবার রক্ষা পেয়েছেন।

জমি বিবাদের জেরে বাড়ি ভাঙচুর

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ বৃহস্পতিবার জমি নিয়ে বিবাদের জেরে মারধর ও ভাঙচুরের ঘটনা ঘটল হুগলির চন্দননগর ১৫নং ওয়ার্ডে। এই ঘটনায় কমল দাসের বাড়ি ভাঙচুর করে তাঁরই প্রতিবেশি রঞ্জিত লাহা। এই ঘটনায় গ্রেফতার হয় রঞ্জিত লাহা। এদিন সকালে এই বিবাদের সূত্রপাত। অভিযোগ, এরপরেই রঞ্জিত তার দলবল নিয়ে চড়াও হয় কমল দাসের উপর। তাঁদের মারধর করে বাড়ি থেকে বের করে দিয়ে পুরো বাড়ি ভেঙে দেয় তারা। কমলবাবু চন্দননগর থানায় অভিযোগ জানান। তারপরেই পুলিশ তদন্তে নেমে রঞ্জিতকে গ্রেফতার করে।

খুড়তুতো বোনকে ধর্ষণের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ হুগলির চন্দননগর কুডুমচু ঘাটে ১৪ বছরের খুড়তুতো বোনকে ধর্ষণের অভিযোগ উঠল দাদার বিরুদ্ধে। অভিযুক্ত দাদা অভিজিৎ দাস নবাবের কর্মী। পুলিশ অভিযোগ পেয়ে অভিযুক্ত অভিজিৎ দাসকে গ্রেফতার করেছে। এব্যাপারে তদন্ত চলছে। নাবালিকার মা ঘটনার কথা স্বীকার করে নেয়।

তারকেশ্বরে ট্যারেন্টুলা চাঞ্চল্য

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ হুগলির আরামবাগের পর এবার ট্যারেন্টুলা নিয়ে চাঞ্চল্য ছড়াল তারকেশ্বর থানার রামনগর গ্রাম পঞ্চায়েতের ট্যাগরা গ্রামে। বৃহস্পতিবার সকালে গ্রামের এক চিকিৎসকের চেম্বারে হঠাৎই অদ্ভুত দর্শনের মাকড়সা দেখতে পাওয়া যায়। ওই মাকড়সাটিকে ট্যারেন্টুলা মনে করে চাঞ্চল্য ছড়ায়। গ্রামেরই এক বিজ্ঞানের ছাত্রী মাকড়সাটি সংরক্ষণ করে রাখে।

নৌকাডুবিতে মৃত্যু গৃহবধূর

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ আবার নৌকা ডুবে মৃত্যু হল এক গৃহবধূর। ওই গৃহবধূর নাম কৌশল্যা চৌধুরী। বাড়ি হুগলির গারুলিয়া এলাকায়। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে ভদ্রেশ্বরের তেলেনিপাড়া ও গারুলিয়ার মাঝে গঙ্গাতে। এলাকার বাসিন্দা ও মাঝিরা যাত্রীদের উদ্ধার করে চন্দননগর হাসপাতালে নিয়ে গেলে কৌশল্যাকে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

ট্রেনের ধাক্কায় মৃত্যু প্রেমিক যুগলের

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ প্রেমিক যুগলের কানে হেড ফোন লাগানো থাকায় তারা ট্রেনের আওয়াজ শুনতে পায়নি। আর এক্সপ্রেস ট্রেন হওয়ায় কেউ কিছু বুঝে ওঠার আগেই তাদের ধাক্কা মারে। মৃত অঞ্জলির ব্যাগ থেকে উদ্ধার হয় মোবাইল, ব্যাঙ্কের বই ও তার কিছু ছবি। পরে শেওড়াফুলি জি আর পি-র পুলিশ কর্মীরা এসে দু'জনের মৃতদেহ উদ্ধার করে নিয়ে যায়। পুলিশের তরফে মৃতের পরিবারের লোকেদের খবর দেওয়া হয়। তবে কি কারণে তারা রাস্তা দিয়ে না গিয়ে কানে হেড ফোন লাগিয়ে রেল লাইন ধরে হেঁটে পার্কে যাচ্ছিল তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। ইতিমধ্যেই মৃত যুবকের পরিচয় জানার চেষ্টা চালানোর পাশাপাশি ঘটনার তদন্তে নেমেছে রেল পুলিশ।

হতাশ জীবনে আশার আলো.....
জার্মান হোমিও কেয়ার
Mob.-9674533162 / 7890779979
SEX, প্রবলেম - যৌন সমস্যা
●সহবাসে অক্ষমতা ●ইন্দ্রিয় শিথিলতা ●শীঘ্র পতন ●ইন্দ্রিয় ছোট, ইন্দ্রিয় সরু ●উত্তেজনার অভাব ○স্বপ্নদোষ ●ধাতু তারল্য ●ধাতু ক্ষয় ●সিফলিস ●গনোরিয়া ●ফাইমোসিস
সহ যাবতীয় নারী-পুরুষ যৌন ও গুপ্ত রোগের সুচিকিৎসা নিন।
১০০% সুচিকিৎসা নিন
মদ, গাঁজা, ড্রাগস, সিগারেট ও হেরোইন, টোকাসহ যাবতীয় নেশা ছাড়ানো হয়।
☆মহিলাদের বক্ষ সৌন্দর্য্য ☆যাবতীয় চুলের সমস্যার সমাধান করা হয় ☆অর্শ, ফিসচুলা, হাঁপানী, ডায়বেটিস ☆ব্রণ, চমরোগ, পেটের রোগ ☆রোগ থেকে মোটা-মোটা থেকে রোগা
আগে থেকে ফোনে নাম নথিভুক্ত করে আসুন।
শেওড়াফুলি (পোস্ট অফিসের পিছনে) মঙ্গল, বৃহস্পতি, শনি দুপুর ৩ টে থেকে সন্ধ্যা ৭টা, রবিবার সকাল ৯টা থেকে সকাল ১১টা
দমদম জংশন ইন্দিরা মন্দাদের বিপরীতে প্রতি সোম ও শুক্র সকাল ৯টা থেকে সন্ধ্যে ৭টা
আরামবাগ গৌরহাটি মোড় তারকেশ্বর কালীবাড়ির মাঠের পূর্বদিকে

বেড়াতে আসুন কামারপুকুরে

কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে
যোগাযোগ ঃ বাসুদেব নন্দ, কামারপুকুর
ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯
ফোন- ০৩২১১-২৫৬৯৫০/মোঃ ৯৭৩২৮৪৩৬৭৭

নিরোগ ডায়াগনস্টিক
●সিটি স্ক্যান ●ডিজিটাল এক্সরে ●আল্ট্রাসোনোগ্রাফি ●কালার ডপলার ●ইকোকার্ডিওগ্রাফী ●প্যাথলজি ●এফ.এন.এ.সি. ●ই এম জি এন সি ডি ●বায়োপ্সি ●ই.ই.জি. ●ই.সি.জি
Dr. Nischay R, M.D. D.M.
প্রতি ইং মাসের প্রথম ও তৃতীয় রবিবার এন্ডোসকপি ও কোলোনসকপি করা হবে।

আফিন প্রতিযোগিতা
বসে আঁকো
7407450077 / 7407450600
পুরস্কার
Email- rangmelanti@gmail.com ● Website- www.rangmelanti.co.in
Online Form fillup-
রংমেলাতি অঙ্কন প্রতিযোগিতা এবার ৫টি জেলার অনুষ্ঠিত হচ্ছে।
এবার প্রতিযোগিতাটি বসে আঁকো হবে, তোমের নিজের জেলার নিজের শহরে
1st- 10,000/-
2nd- 7,000/-
3rd- 5,000/-
4th- 3,000/-
5th- 2,000/-
6th- 1,000/-
7th- 500/-
এছাড়াও 300 টি Consolation Prize